দৈনিক ইত্তেফাক

তারিখ 17 MAY 1994
পৃষ্ঠা ২ কলাম ৮

20

## মাদ্রাসা শিক্ষাবোর্ড সমীপে

আসন্ন ৯৪ বিশ্বকাপ ফুটবল খেলা দেখার উদ্দেশ্যে উচ্চমাধ্যমিক পরীক্ষা পিছানো হইয়াছে। কলেজের ছাত্রগণ গাড়ী ভাঙচুর ও বিক্ষোভের মাধ্যমে তাহাদের দাবী আদায় করিয়াছে। অন্যদিকে মাদ্রাসা শিক্ষাবোর্ড ৩রা জুলাই তারিখ হইতে আলীম পরীক্ষা ঘোষণা করিয়াছে।

আগামী ১৫ই জুন হইতে অনুষ্ঠিতব্য বিশ্বকাপ ফুটবল খেলা বাংলাদেশ টেলিভিশন সরাসরি সম্প্রচার করিবে। ফলে দেশের কলেজ ছাত্রসহ সমস্ত ক্রীড়ামোদী সেই খেলা উপভোগ করিবে। অন্যদিকে বিশ্বকাপ চলাকালীন সময়ে মাদ্রাসা বোর্ডের উচ্চমাধ্যমিক (আলীম) পরীক্ষা অনুষ্ঠিত হইবে। বিশ্বকাপ খেলা দেখার জন্য সারাদেশের মাদ্রাসা ছাত্রগণের মধ্যেও যথেষ্ট আগ্রহ রহিয়াছে। অতএব, বিশ্বকাপ ফুটবল খেলা উপলক্ষে পরীক্ষার নির্ধারিত তারিখ পিছানোর জন্য মাদ্রাসা বোর্ড কর্তৃপক্ষের নিকট আবেদন জানাইতেছি।

—মোঃ মাজেদুল হক মাজেদ, শরীফুল ইসলাম লিটন, মোঃ আবদুর রহমান ও খলিলুর রহমান, তামিরুল মিল্লাত কামিল আলীয়া মাদ্রাসা, মিরহাজীরবাগ, ঢাকা।